

সটীকানুবাদ

# অমরকোষ

বা


## অমরার্থ চন্দ্রিকা

সরল টীকা, বিস্তৃত বঙ্গানুবাদ ও অকারাদি বর্ণানুক্রমে সূচীপত্র  
সহ অমরসিংহ কৃত সম্পূর্ণ অমরকোষ এবং সংখ্যাকোষ,  
নক্ষত্রকোষ, রাশিকোষ, নবগ্রহকোষ, সারস্বতাভিধান,  
নানার্থধ্বনি-সঞ্জরী, একাক্ষরকোষ,  
ধ্বিরূপকোষ একত্র সংগৃহীত

অধ্যাপক

শ্রীমদগুরুনাথ বিদ্যানিধি-ভট্টাচার্য

সম্পাদিত



সংস্কৃত পুস্তক ভাণ্ডার

কলিকাতা ৭০০ ০০৬

## অমরকোষস্থ বর্গাদি-সূচী

বিষয়	পত্রাঙ্ক	বিষয়	পত্রাঙ্ক
মঙ্গলাচরণ	১	মনুষ্যবর্গ	১৭০
প্রস্তাবনা	২	ব্রহ্মবর্গ	২০৯
পরিভাষা	৪	ক্ষত্রিয়বর্গ	২২৭
স্বর্গবর্গ	১৪	বৈশ্যবর্গ	২৫৫
ব্যোমবর্গ	৩৩	শূদ্রবর্গ	২৮২
দিগ্বর্গ	৩৪	বিশেষ্যানিঘ্নবর্গ	২৯৫
কালবর্গ	৪৪	সঙ্কীর্ণবর্গ	৩১৮
ধীবর্গ	৫৫	নানার্থবর্গ	৩৩১
শব্দাদিবর্গ	৬১	অব্যয়বর্গ	৩৮৭
নাট্যবর্গ	৭১	লিঙ্গাদিসংগ্রহবর্গ	৩৯৩
পাতালবর্গ	৮৫	স্ত্রীলিঙ্গসংগ্রহবর্গ	৩৯৩
ভোগিবর্গ	৮৬	পুংলিঙ্গসংগ্রহবর্গ	৪০০
নরকবর্গ	৮৮	ক্লীবলিঙ্গসংগ্রহবর্গ	৪০৬
বারিবর্গ	৮৯	পুংনপুংসকসংগ্রহবর্গ	৪১৪
ভূমিবর্গ	১০২	স্ত্রীনপুংসকশেষসংগ্রহবর্গ	৪১৬
পুরবর্গ	১০৯	স্ত্রীনপুংসকসংগ্রহবর্গ	৪১৭
শৈলবর্গ	১১৬	ত্রিলিঙ্গসংগ্রহবর্গ	৪১৮
বনৌষধিবর্গ	১১৯	সমাসাদি-লিঙ্গবিধি	৪১৯
সিংহাদিবর্গ	১৫৮		

## অতিরিক্ত কোষ-সূচী

একাক্ষরকোষ	৪২৩	রাশিকোষ	৪৩৮
দ্বিরূপকোষ	৪২৮	নক্ষত্রকোষ	৪৩৮
সংখ্যাকোষ	৪৩৫	সারস্বতাভিধান	৪৪০
নবগ্রহকোষ	৪৪৭	নানার্থধ্বনিমঞ্জরী	৪৪২

# ভূমিকা

সংস্কৃত ভাষায় বহুতর অভিধান গ্রন্থ সঙ্কলিত আছে, তন্মধ্যে অমরকল্প অমরসিংহ-প্রণীত অমরকোষই সর্বশ্রেষ্ঠ ও সর্বত্র প্রচলিত। গ্রন্থকার ইহাতে সংক্ষেপে বহুতর শব্দ সঙ্কলিত করিয়াছেন এবং লিঙ্গাদিনিরূপণ-প্রণালীও অতি পরিপাটীর সহিত লিখিয়াছেন। সুতরাং সংস্কৃতভাষা শিক্ষা করিতে হইলে অমরকোষ অভিধান যে একটি প্রধানতম সম্বল ইহা সর্ববাদিসম্মত।

গ্রন্থকার অমরসিংহের নামানুসারে এই গ্রন্থের নামকরণ হইয়াছে—“অমরকোষ”। এইরূপ শব্দাদিসংগ্রহপরিপাটী অন্য কোন অভিধানেই পরিদৃষ্ট হয় না। মহামতি অমরসিংহ উজ্জয়িনীপতি মহারাজাধিরাজ বিক্রমাদিত্যের সভাসদ—তদীয় নবরত্ন-সভার অন্যতম রত্ন। এ বিষয়ে প্রাচীন শ্লোক;—

“ধন্বন্তরি-ক্ষপণকামরসিংহশঙ্কু-  
বেতালভট্ট-ঘটকর্পর-কালিদাসাঃ।  
খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং  
রত্নানি বৈ বররচির্নব বিক্রমস্য।”

প্রায় দুই সহস্র বৎসর পূর্বে ইনি মহাপণ্ডিত আদিত্যদাসের ঔরসে তদীয়া শূদ্রা পত্নীর গর্ভে জন্মগ্রহণ করেন। আদিত্যদাসের বাস ছিল—মগধে। তিনি বৈদিকক্রিয়ানুরক্ত ছিলেন। তৎকালে মগধে বৌদ্ধপ্রভাব পূর্ণ মাত্রায় প্রতিষ্ঠিত। আদিত্যদাস বৌদ্ধভয়ে মগধ পরিত্যাগপূর্বক বিক্রমারণ্যে গিয়া বাস করেন। শবরপল্লীতে অবস্থানহেতু তিনি ক্রমে শবরস্বামী বলিয়া পরিচিত হন।